

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৩৮.৩৬.০৪৮.২০১৪-৯৬৯

তারিখঃ ২২ ফাল্গুন ১৪২৪বং
০৬ মার্চ ২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ১৮-০২-২০১৮খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প যাচাই-বাছাই কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র : ৩৪.০৯১.০১৪.০০.০০.০৬২.২০১৬(ভলিযুম-০২)-৩৬৬, তারিখ ২৮-০২-২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায় -১ম সংশোধিত)” [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology(IMPACT) (Phase-2) শীর্ষক প্রকল্পের ১৮-০২-২০১৮খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প যাচাই-বাছাই কমিটির সভা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হয় :

৪.৪ ইতিমধ্যে নির্মিত বায়োগ্যাস প্লান্টসমূহ যাতে সচল থাকে এবং নির্মাণাধীন বায়োগ্যাস প্লান্ট এ যেন কোন শিশু দুর্ঘটনায় কবলিত না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে ;

০২। উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো :

- ইতিমধ্যে নির্মিত সকল বায়োগ্যাস প্লান্ট সচল রাখার প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।
- নির্মিত/ নির্মাণাধীন সকল বায়োগ্যাস প্লান্ট যাতে টেকসই, গুণগতমান সম্পন্ন দীর্ঘস্থায়ী হয় সে জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- শিশুরা যাতে বায়োগ্যাস প্লান্টে দুর্ঘটনায় কবলিত না হয় সে জন্য বায়োগ্যাস প্লান্টের হাইড্রোলিক চেম্বার উন্মুক্ত না রেখে ঢাকনা আবশ্যিকভাবে ব্যবহার করতে হবে।

প্রাপক

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
-----উপজেলা
-----জেলা।

(মোঃ আঃ হামিদ খান)

প্রকল্প পরিচালক

ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প

ফোন/ফ্যাক্স-৯৫৮৮৩৯২।

E-mail:pdimpactphase2dyd@gmail.com

বিতরণ :

- ০১। যুগ্ম সচিব(যুব) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর-----জেলা।
- ০৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ উপজেলা বায়োগ্যাস সাব-এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর,-----উপজেলা,-----জেলা।
- ০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৬। অফিস কপি।